# হজ্জ, উমরা ও যিয়ারত গাইড

বিভাগ/অধ্যায়ঃ যিয়ারতে মদিনা

রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

বাড়ি প্রত্যাবর্তনের আদব প্রসঙ্গ

বাড়ি প্রত্যাবর্তনের সময় রাসূলুল্লাহ (ﷺ)এর সুন্নতের যথাযথ পায়রবি করার প্রতিজ্ঞা নিয়ে, রাসূলুল্লাহ (ﷺ)যে দ্বীনকে স্বচ্ছ-শুভ্র আকারে রেখে গেছেন তা প্রচার ও প্রসারে সর্বশক্তি প্রয়োগের মনোবৃত্তি নিয়ে, কখনো কোনো কাজে যেন সুন্নতে রাসূল পরিত্যাগ না হয় সে ধরনের মানসিকতা নিয়ে মদিনা থেকে দেশে ফিরে আসবেন। দেশে ফেরার পূর্বে মসজিদে নববিতে দু'রাকাত বিদায়ি সালাত আদায় করা শরিয়তসম্মত নয়। হাদিসে ও সাহাবায়ে কেরামের কর্মে এ ধরনের কোনো সালাত পাওয়া যায় না। বিদায়ি যিয়ারত বলতেও কোনো কিছু নেই। বিদায়ের পূর্বে রওজা মুবারকে উপস্থিত হয়ে সালাম নিবেদন করে দ্বীন-দুনিয়ার প্রয়োজনের জন্য, হজ্জ ও যিয়ারত কবুল এবং নিরাপদে দেশে ফেরার জন্য দোয়া করার ব্যাপারে কোনো কোনো বইয়ে যে পরামর্শ আছে তারও কোনো ভিত্তি নেই।

সফর থেকে ফেরার পর নিজ মহল্লা বা শহর দৃষ্টিগোচর হলে,

آئِبُوْنَ، تَائِبُوْنَ، عَابِدُوْنَ، لِرَبِّنَا حَامِدُوْنَ.

-প্রত্যাবর্তনকারী, তওবাকারী, ইবাদতকারী ও আমাদের প্রভুর প্রশংসাকারী—এই দোয়া পড়বেন।[1] মহল্লার মসজিদে প্রবেশ করে দু'রাকাত সালাত আদায় করবেন।[2]

## ফুটনোট

[1] - মুসলিম : হাদিস নং ১৩৪২

[2] ـأن رسول الله كان إذا قدم من سفر بدأ بالمسجد فركع فيه ركعتين ـ রাসূলুল্লাহ (স) যখন সফর থেকে ফিরে আসতেন, তিনি মসজিদ দিয়ে শুরু করতেন, তিনি সেখানে দু'রাকাত সালাত আদায় করতেন (মুসলিম: হাদিস নং ২৭৬৯)

Source — https://www.hadithbd.com/books/link/?id=3553

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন